[illegible]

[illegible]

[illegible]

[

সাইদের কুলবাগান পরিদর্শনে জেলা প্রশাসক

কুষ্টিয়ার মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নে কেউপুর গ্রামে তরুন উদ্যোক্তা আবু সাইদের কুল বাগান পরিদর্শন করেছেন জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজা। আজ সোমবার বিকালে এই কৃষি উদ্যোক্তার ফলের বাগান পরিদর্শন করেন তিনি।

এসময় উপস্থিত ছিলেন মিরপুর উপজেলা নির্বাহী অফিসার জহুরুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) হারুন অর রশিদ, উপজেলা কৃষি অফিসার আবদুল্লাহ আল মামুন, দিশা কুষ্টিয়ার টেকনিক্যাল অফিসার কৃষিবিদ মোঃ জিল্লুর রহমান, দিশা সংস্থার কৃষি অফিসার এনামুল হক,সাংবাদিক সুমন মাহমুদ ও এসএম জামালসহ উপ-সহকারীবৃন্দ উপস্থিত ছিলেন।

জানা গেছে, আবু সাইদ একজন সফল কৃষি উদ্যোক্তা। উপজেলার শিমুলিয়া গ্রামের বাসিন্দা তিনি। অন্যের সাথে অংশীদারত্বের সাথে পেয়ারা বাগান গড়ে তোলেন। তারপর থেকে ইউটিউবে কুল চাষে অনেকের সফলতা দেখে কৃষি অফিস থেকে পরামর্শ নিয়ে তিনি চুয়াডাঙ্গা থেকে ভারত সুন্দরী কুলের চারা এনে পাশের গ্রামে ৭ বিঘা জমি লিজ নিয়ে শুরু করেন এই কুলের বাগান। আবু সাইদ বলেন, ‘বাগানে প্রায় সাতশত গাছ রয়েছে। বাগান করতে ব্যয় হয়েছে প্রায় তিন লাখ টাকা। বাগান তৈরির শুরু থেকে আমি নিজে শ্রমিকদের নিয়ে বাগান পরিচর্যার কাজ করে যাচ্ছি। গাছের যত্ন নেওয়া এবং সঠিক সময় জৈব ও গোবর সারসহ কিছু রাসায়নিক সারও গাছের গোড়ায় দূরত্ব বজায় রেখে দেওয়া হয়েছে। গাছে যাতে কোনো ধরনের প্রাকৃতিক বালাই আক্রান্ত করতে না পারে এ জন্য কৃষি বিভাগের পরামর্শে জীবানুমুক্ত ট্যাবলেট প্রত্যেক গাছ থেকে ১ ফুট ৬ ইঞ্চি দিয়ে পুতে দেওয়া হয়েছে।’ তিনি আরও বলেন, প্রথমবারের মতো বাগান থেকে বরই সংগ্রহ শুরু করেছি। ইতিমধ্যে প্রায় দেড়লাখ টাকার বিক্রি হয়েছে। এখনো প্রায় চার লাখ টাকার বিক্রি হবে বলে আশা করছি। এতে করে আমার সব খরচ বাদ দিয়ে নীট আড়াই লাখ টাকা লাভ থাকবে। উপজেলা কৃষি অফিসসহ দিশা সমন্বিত কৃষি বিভাগের কারিগরি সহায়তায় বাগান করতে নানা ধরনের সহযোগিতা করেছে।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ইউএনও জহুরুল ইসলাম বলেন, উপযুক্ত যত্ন ও পরিচর্যার দ্বারাই একটি কুল গাছ বা কুল বাগান

থেকে আশানুরূপ ভালো গুণগত মানসম্পন্ন ও অধিক ফলন আশা করা যায়। কুল বাগানের মধ্যে অন্য ফসল আবাদ করেও আলাদা মুনাফা অর্জন করা সম্ভব।

বাগান ঘুরে তিনি সন্তোষ প্রকাশ করে জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজা জানান, দিন দিন আধুনিক কৃষি বিস্তার লাভ করায় এ অঞ্চলে ফলজ বাগানের সংখ্যা বাড়ছেই। কুষ্টিয়া জেলার আনাচে কানাচে ছড়িয়ে ছিটিয়ে থাকা এসব উদ্যোক্তাদের কার্যক্রম ও প্রচেষ্টা আমরা সবার মাঝে ছড়িয়ে দিতে চাই, যাতে করে অন্যরাও তা দেখে উৎসাহিত হয় এবং এ ধরনের উদ্যোগে এগিয়ে আসে।

তিনি আরও বলেন, ‘অনেক উন্নত জাতের সুস্বাদু কুল চাষ হচ্ছে এ জেলায়। কুল বাগান করে লাভবান হওয়ায় এ জেলার মানুষের পুষ্টিও বাড়ছে।

মিরপুর উপজেলা কৃষি অফিসার আবদুল্লাহ আল মামুন বলেন, জমিতে এবারে বিভিন্ন জাতের কুলের বাগান রয়েছে। বাগানগুলো সঠিক পরিচর্যার জন্য কৃষি বিভাগের মাঠকর্মীরা পরামর্শ দিয়ে যাচ্ছে। ৩০ টি বরই বাগান আছে। আবু সাইদ আমাদের পরামর্শ নিয়ে উন্নত জাতের ভারত সুন্দরী বরই বাগান করেছেন। বাগানে প্রচুর পরিমাণে কুল ধরেছে। বাগানটি দেখে অনেকেই বাগান তৈরির জন্য আমাদের কাছে পরামর্শ নিচ্ছেন। আশাকরি বাগান মালিক কাঙ্ক্ষিত ফল পাবেন।

দিশা কুষ্টিয়ার টেকনিক্যাল অফিসার কৃষিবিদ মোঃ জিল্লুর রহমান বলেন, আমরা পিকেএসএফের সহযোগিতায় তামাক চাষ কমাতে ফলজ বাগান গড়ে তুলতে উদ্বুদ্ধকরণের মাধ্যমে দিশা সংস্থা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। যার ফলশ্রুতিতে ফল বাগান গড়ে তোলার মধ্য দিয়ে অনেক তরুণ উদ্যোক্তারা এগিয়ে আসছে। তাদের সার্বিক সহযোগিতার পাশাপাশি প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হয়ে থাকে।

চুয়াডাঙ্গায় যিশু খ্রিস্টের

জন্মদিনে গীর্জা পরিদর্শন

চুয়াডাঙ্গায় যিশু খ্রিস্টের শুভ জন্মদিন ও খ্রিস্টান ধর্মাবলম্বীদের ধর্মীয় উৎসব শুভ বড়দিন উপলক্ষে আজ সোমবার এগারোটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের খেজুরা মিশন পাড়া সেন্ট জেমস চার্জ পরিদর্শন এবং খ্রিস্টান ধর্মাবলীদের সাথে মতবিনিময় ও শুভেচ্ছা বিনিময় করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা ও চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা।

এসময় খ্রিস্টান ধর্মাবলম্বীদের সাথে কুশল বিনিময় করেন এবং প্রতিটি গীর্জায় জেলা পুলিশের পক্ষ থেকে পুলিশ সুপার কেক পৌঁছে দেন। বড়দিন উৎসবমুখর পরিবেশে পালনে সকল প্রকার আইনগত সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(অর্থ ও প্রশাসন) মোঃ রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(ক্রাইম অ্যান্ড অপস) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ পিপিএম-সেবা, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফকরুল আলম খান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী, চুয়াডাঙ্গা হিন্দু-বৈদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি ড. মার্টিন হিরোক চৌধুরীসহ গীর্জার পুরোহিত, পালক,সভাপতি ও সাধারণ সম্পাদকগণ।

কোটচাঁদপুরে ঈমাম ও স্থানীয় ব্যাক্তিদের সাথে জেলা প্রশাসকের মতবিনিময় সভা

ঈমাম ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে মঙ্গলবার ঝিনাইদহের জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রট এস এম রফিকুল ইসলাম মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা উছেন মে।

অনুষ্ঠানে,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, কোটচাঁদপুর পৌরসভার সহিদুজ্জামান (সেলিম), ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-মামুন,পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) জগন্নাথ চন্দ্র।

এ ছাড়া উপস্থিত ছিলেন, এলাঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান, দোড়ার আবদুল জলিল, সাবদারপুর ইউনিয়নের আব্দুল মান্নান,কুশনার শাহারুজ্জামান (সবুজ),সাংবাদিক নজরুল ইসলাম, সুব্রত কুমার, আব্দুল বাঁশার।

সভায় বক্তব্য রাখেন,ঈমামদের পক্ষে নুরনবী আশিকী,সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার। বক্তাদের বক্তব্যে জোরালে ভাবে উঠে আসে,বাল্য বিবাহ,আত্মহত্যা ও পৌর শহরের বর্জ্য ব্যবস্থাপনার বিষয়টি। যা পরিবেশ ও মানুষের স্বাস্থ্যের উপর প্রভাব পড়ছে।

দর্শনায় বিভিন্ন ভোট কেন্দ্র পরিদর্শনে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

আজ সোমবার সকাল ১১ টার দিকে দর্শনা থানা পরিদর্শন করেন। এসময় দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার শাহা চুয়াডাঙ্গা জেলা প্রশাসক চুয়াডাঙ্গা ড. কিসিঞ্জার চাকমাকে ফুলেল শুভেচ্ছা জানান। পরে পৌর এলাকার বিভিন্ন ভোট কেন্দ্র পরিদর্শন শেষে দর্শনা পৌরসভা পরিদর্শন করেন।

এসময় উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জাকিয়া সুলতানা, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দর্শনা পৌর মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু,দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার শাহা সহ বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিবর্গ। আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ সুষ্ট এবং নিরপেক্ষ করার লক্ষে দর্শনা পৌর এলাকার পরানপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়,দক্ষিন চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সহ বেশ কয়েকটি ভোটকেন্দ্র পরিদর্শন করেন।

এ সময় তিনি উপস্থিত ভোটারদের সাথে কথা বলেন। তিনি প্রতিদ্বন্দি সকলের সার্বিক সহযোগিতা কামনা করে বলেন, নির্বাচনকে অবাধ সুষ্ট করতে প্রশাসনের পক্ষ থেকে সকল প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে বলে তিনি জানান। তিনি আরো জানান কেউ কোন ধরণের বিশৃঙ্খলার চেষ্টা করলে বিন্দুমাত্র ছাড় দেওয়া হবে না।

কুষ্টিয়া জেলা প্রশাসকের সাথে মৌবনের নির্বাহী পরিচালকের সৌজন্য সাক্ষাৎ

কুষ্টিয়ার জেলা প্রশাসক এহেতেশাম রেজা এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেছেন মৌবনের নির্বাহী পরিচালক এবং নারী বাতায়নের সভাপতি সাফিনা আঞ্জুম জনী।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট কুষ্টিয়ার কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ফুলেল শুভেচ্ছা ও সাফিনা আঞ্জুম জনীর লেখা “ধুপকাঠি” বইটি জেলা প্রশাসকের হাতে তুলে দেন।

সৌজন্য সাক্ষাৎ শেষে ‘মৌবন’ পরিচালিত নারী বাতায়নের কর্মকান্ড নিয়ে ভুয়সী প্রশংসা করেন এবং নারীর অগ্রগামী ভুমিকা পালনের জেলা প্রশাসক সন্তোষ প্রকাশ করেন।

নারী উদ্যোক্তাদের জন্য কাজ করতে হবে বলে জানিয়ে জেলা প্রশাসক বলেন, সমাজ ও রাষ্ট্রের উন্নয়নে যুগে যুগে নারীরা বিশেষভাবে অবদান রাখছেন। বিশেষ করে দেশের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে আমাদের নারী সমাজ নিজেদের আত্মনির্ভরশীল করার পাশাপাশি জাতীয়ভাবে অবদান রেখে যাচ্ছেন।

নারী বাতায়নের সভাপতি ও মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আঞ্জুম জনী বলেন, কুষ্টিয়ায় অনেক নারী উদ্যোক্তারা ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। অনেক নারীই নিজেদের ইচ্ছে ও চেষ্টার একাগ্রতায় হয়ে উঠেছে সফল উদ্যোক্তা। কেউবা আবার সেই পথেই হাঁটার স্বপ্ন দেখছেন। যারা সেই স্বপ্নের পথে হাঁটার ইচ্ছে পোষন করছেন তাঁদের সাহস ও সম্মান জানিয়ে তিনি বলেন, ‘নারীরা শুধু তাদের নিজেদের চেষ্টা ও আগ্রহে উদ্যোক্তা হয়ে উঠেছেন। অনেক নারী-উদ্যোক্তাদের ট্রেড লাইসেন্স থাকে না, টিন থাকে না, ব্যাংক হিসাব থাকে না। এজন্য তাদের ব্যবসা ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়নে নজর দেয়া প্রয়োজন।’

তাদের নিয়ে কাজ করতে সম্মিলিতভাবে চেষ্টা চালিয়ে যেতে হবে এবং তাদের এগিয়ে নিতে সাপ্তাহিক (নারী উদ্যোক্তাদের) হলিডে মার্কেট চালু ও নারী উদ্যোক্তাদের বিভিন্ন ক্ষেত্রে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিতসহ কুষ্টিয়ার নারী উদ্যোক্তাদের জন্য উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি গঠনে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন তিনি।

কোটচাঁদপুরে বিভিন্ন প্রশাসনিক দপ্তর পরিদর্শনে জেলা প্রশাসক

কোটচাঁদপুর উপজেলার বিভিন্ন প্রশাসনিক দপ্তর পরিদর্শন করেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এস এম রফিকুল ইসলাম।

আজ সোমবার সকালে জেলা প্রশাসক কোটচাঁদপুর মডেল থানা পরিদর্শন করেন।

পরিদর্শনকালে তিনি সেবাপ্রার্থীদের কথা শোনেন এবং সংশ্লিষ্ট সকলকে দিক-নির্দেশনা প্রদান করেন। পরে তিনি কোটচাঁদপুর উপজেলা ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন করেন ও সংশ্লিষ্ট সকলের সাথে মতবিনিময় করেন।

পরর্বতীতে বলুহর কমিউনিটি ক্লিনিক ও বলুহর কুড়ীপাড়া পূজা মন্ডপ দর্শন,সাফদারপুর বলরাম নগর আশ্রয়ণ প্রকল্প ও কুশনা ইউনিয়নে তালিনা পার্ক পরিদর্শন করেন জেলা প্রশাসক। সে সময় তিনি আশ্রয়ণ প্রকল্পের নির্মাণ কাজ ও উপকারভোগীদের সাথে মতবিনিময়, সনাতন ধর্মাবলম্বী মানুষের সাথে শুভেচ্ছা বিনিময় ও মন্ডপের আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে দিকনির্দেশনা প্রদান করেন।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার উছেন মে, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, মডেল থানার অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তানভীর জামান প্রতিক, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, কুশনা ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা ও নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শনে জেলা প্রশাসক ও পুলিশ সুপার



চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও পুলিশ সুপার দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শন করেছেন।

শনিবার দুপুর ১ টার দিকে দামুড়হুদা উপজেলার বিভিন্ন পূজামণ্ডপ সরেজমিনে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা ও জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন পরিদর্শন করেন। পূজা মণ্ডপ পরিদর্শনকালে জেলা প্রশাসক ও পুলিশ সুপার সনাতন ধর্মাবলম্বী ভক্ত বৃন্দের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং পূজার নিরাপত্তাসহ সার্বিক খোঁজখবর নেন।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা জেলায় এ বছর ১২১টি পূজামণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। প্রতিটি পূজা মণ্ডপে নিজস্ব সেচ্ছাসেবক ছাড়াও সার্বক্ষণিক পুলিশ ও আনসার বাহিনীর সদস্যরা উপস্থিত রয়েছেন । এছাড়াও সাদা পোশাকে ডিবি, ডিএসবি এবং ট্রাফিক পুলিশ সার্বক্ষণিক মাঠে কাজ করছেন।পূজা মন্ডপ পরিদর্শন কালে আরও উপস্থিত ছিলেন সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর, পুলিশ পরিদর্শক (নিঃ) অফিসার ইনচার্জ, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের ইনচার্জ মাহমুদুর রহমান সহ বিভিন্ন পদমর্যাদার অফিসারবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক সাথে

হাউলী ইউপি সদস্যদের সাথে মতবিনিময়

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা’র সাথে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদের সদস্যদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ১১ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে চেয়ারম্যানের কার্যালয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ইউনিয়ন পরিষদে আসা সেবা গ্রহীতারা যেন কোনোভাবেই হয়রানির শিকার না হয়। সে বিষয়ে তিনি নির্দেশনা প্রদান করেন। এসময় তিনি বিভিন্ন সেবামূলক কাজ বাল্যবিবাহ মাদক ইভটিজিং থেকে বিরত থাকার জন্য জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে নিজ নিজ ওয়ার্ডের ইউপি সদস্যদের উঠান বৈঠকের মাধ্যমে জনসচেতনতা তৈরীর নির্দেশ প্রদান করেন। ইউনিয়ন পরিষদের বিভিন্ন সেবামূলক কার্যক্রমের জন্য সঠিক দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও ইউনিয়নে উন্নয়নমূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণের পরামর্শ দেন। ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠু এবং সুন্দরভাবে পরিচালনার জন্য চেয়ারম্যান, সচিব এবং ইউপি সদস্যদের উদ্বুদ্ধ করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সঠিকভাবে কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেন।

ইউনিয়ন পরিষদে আগত সেবা গ্রহীতাদের সাথে সর্বদা সদ্ব্যবহার ও দ্রুত সময়ে সেবা দান করার পরামর্শ দেন তিনি। পরে তিনি ইউনিয়ন পরিষদে আগত সমস্ত সেবা গ্রহীতাদের সাথে কথা বললেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, জেলা সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শহিদুল আলম মিনহাজ, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, ইউপি সচিব নাঈম উদ্দিন সহ পরিষদের সকল সদস্য ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]